

স্কুলের ব্যবস্থায় মানিয়ে নেওয়ার তথ্যপত্রিকা

যে সব মা বাবা ও তত্ত্বাবধায়ক নতুন এসেছেন

ছোট ছেলেমেয়েদের নিরাপদে, খুশী রাখা এবং

শিক্ষায় মা বাবাদের সাহায্য



ভূমিকা

প্রাইমারি স্কুল কি ?

- ইউকের ছেলেমেয়েরা চার থেকে এগারো বছর বয়স পর্যন্ত প্রাথমিক অর্থাৎ প্রাইমারি স্কুলে যায়।
- প্রাইমারি স্কুলে শিশুরা মৌলিক অক্ষর ও সংখ্যাজ্ঞান, এবং বিজ্ঞান, ভূগোল, ইতিহাস এবং গান বাজনা, আঁকা ও খেলাধুলার বিষয়ে শেখে। প্রাইমারি স্কুলে পড়াকালীন ছাত্ররা SATS পরীক্ষা দেয়।
- সাধারণত স্কুলের ছাত্রছাত্রীদের স্কুলের রং-এর বিশেষ ইউনিফর্ম (উর্দি) পরতে হয়।
- প্রাইমারি স্কুল শুরু করা, রুটিনমাফিক কাজ ও বন্ধুত্ব করা এসবই আশ্রয়ার্থী ছেলেমেয়েদের ইউকেতে নতুন জীবনে মানিয়ে নিতে সাহায্য করে।
- তাদের জন্মস্থান (দেশ), ধর্ম, বিশ্বাস বা বিগত অভিজ্ঞতা যাই হোক, প্রাইমারি স্কুল প্রতিটি শিশুকে সেরা মানের শিক্ষা ও গঠনাত্মক অভিজ্ঞতা দেওয়ায় অঙ্গীকারবদ্ধ।
- আপনার সন্তান নতুন দক্ষতা শেখা ও নতুন বন্ধুত্ব করার সুযোগ পাবে।

যে ছেলেমেয়েরা নতুন এসেছে তাদের এই ব্যবস্থার সঙ্গে মানিয়ে নিতে সাহায্য করা

শরণার্থী পরিবার ও ছেলেমেয়েদের এই ব্যবস্থার সঙ্গে মানিয়ে নেওয়া ও স্বচ্ছন্দবোধ করানোর জন্য স্কুল যথাসম্ভব চেষ্টা করবে।

- প্রথম দিনের আগে, আপনার সন্তান সমেত আপনি স্কুল ঘুরে ক্লাস টীচারের সঙ্গে দেখা করতে পারেন।
- শরণার্থী শিশু স্কুল শুরু করলে সম্পূর্ণ স্কুলকে ঐ নতুন শিক্ষার্থীকে স্বচ্ছন্দবোধ করাতে তার সংস্কৃতি ও ভাষার উৎসব পালন করায় উৎসাহিত করা হয়।
- কয়েকটা স্কুল শরণার্থী পরিবারদের জন্য তাদের প্রাথমিক ভাষায় ওয়েলকাম প্যাক তৈরী করে দেয়।
- প্রতি বছর, সারা দেশব্যাপী স্কুলগুলি ন্যাশনাল রিফিউজি উইক-এর উৎসব করে। এর ফলে প্রত্যেকে বিভিন্ন সংস্কৃতি, ভাষা, ধর্ম ও বিশ্বাস স্বীকার করে নিতে শেখে।
- স্কুল শুরু করার সময় রিফিউজি ছেলেমেয়েরা “বন্ধু” পেতে পারে। অর্থাৎ স্কুলের আরেক বন্ধু যে তাকে মানিয়ে নিতে ও বন্ধুত্ব করতে সাহায্য করবে।
- স্কুল একই দেশের ছেলেমেয়েদের মধ্যে সম্পর্কস্থাপনে উৎসাহবর্ধন করে।
- ছাত্রছাত্রী ও শিক্ষিকা যাতে একে অপরকে ভালোমত বুঝতে পারে সেজন্য সাধারণত দ্বিভাষিক অভিধান পাওয়া যায়।
- অল্পবয়সী ছেলেমেয়েরা খেলাধুলার মাধ্যমে তাদের অনুভূতি ব্যক্ত করতে এবং একে অপরকে বিশ্বাস করতে শিখবে।

ইংরেজি শেখা

আপনার সন্তানকে ইংরেজি শেখায় উৎসাহী করে তোলা হবে। প্রথমদিকে সে শুধু অন্যান্য ছাত্র ও শিক্ষিকার কথোপকথন শুনে নতুন শব্দ ও স্বর শিখতে শুরু করবে।

- ইংরেজি ভাষা শেখার সময় শরণার্থী ছেলেমেয়েদের মাতৃভাষায় কথা বলায় উৎসাহবর্ধন করা হয়। তার ফলে তাদের পরিচয় বজায় থাকে।
- বেশ কয়েকটি স্থানীয় লাইব্রেরীতে অন্যান্য ভাষায় বই রাখা হয়। আপনি আপনার মাতৃভাষায় আপনার সন্তান ও আপনার জন্য একসঙ্গে মিলে পড়ার বই নিতে পারেন।
- শরণার্থী ছেলেমেয়েদের নিজস্ব কৃষ্টি সংস্কৃতি, ঐতিহ্য ও ভাষা মনে রাখা জরুরী, কেননা ভবিষ্যতে কখনও তারা হয়ত নিজের দেশে ফিরে যাবে।

- স্কুলে সাধারণত বিশেষ কর্মচারী থাকে যারা ছোটদের সঙ্গে তাদের ভাষায় কথা বলতে পারে।
- যেসব ছেলেমেয়ে উঁচুস্তরের ভাষা দক্ষতা নিয়ে ইউকেতে এসে পৌঁছায়, দেখা যায় তারা প্রায়ই খুব তাড়াতাড়ি ইংরেজি শিখে নেয়।

মা বাবাদের জন্যও স্কুল!

- ইউকের প্রাইমারি স্কুল মা বাবাদের সব সময় কাজে জড়িত হতে উৎসাহিত করে।
- শিক্ষক ও অন্যান্য মা বাবার সঙ্গে দেখা করার জন্য আপনাকে নিয়মিত স্কুলে আমন্ত্রণ জানানো হবে। স্কুলে মেলা, ওপন ডে, ক্রীড়া দিবস (স্পোর্টস ডে) ও অভিভাবকদের সান্ধ্য আসর আয়োজিত হয়, তাতে পরিবারের লোকেরা স্কুলে আসতে পারে। প্রয়োজন হলে ভাষান্তর ও অনুবাদের ব্যবস্থাও করা হয়।
- যে কোনো সময় কর্মীদের সদস্য বা শিক্ষিকার সঙ্গে কথা বলার জন্য অ্যাপয়েন্টমেন্ট নিতে পারেন।
- চিঠি ও সার্টিফিকেটের মাধ্যমে আপনি জানতে পারবেন আপনার ছেলেমেয়েদের পড়াশুনা কেমন চলছে, এগুলি প্রয়োজনে অনুবাদও করে দেওয়া যায়।
- প্রায়ই স্কুলে বিশেষ রুম থাকে, সেখানে মা বাবারা মিলিত হতে পারেন, এবং শরণার্থী পরিবারদের পরস্পর আলাপ পরিচয়ের জন্য সকালে কফির আসর বা অনুষ্ঠানের ব্যবস্থা থাকে।

স্কুল ও বৃহত্তর সমাজ

স্কুল শুধুমাত্র ছোটদের শিক্ষার ব্যাপার নয়। কর্মীরা আপনার সঙ্গে স্থানীয় পরিষেবা ও শরণার্থী সংগঠনের যোগাযোগ করিয়ে দিতে পারে, যারা এসব বিষয়ে সাহায্য করতে পারে :

- বাসস্থান
- চাকরি পাওয়া
- বেনিফিট পাওয়া
- আইন ও অভিবাসন সংক্রান্ত বিষয়
- ইংরেজি শেখায় সাহায্য
- স্বাস্থ্য পরিচর্যা এবং ডাক্তারের কাছে রেজিস্ট্রিকৃত হওয়া
- স্থানীয় যুবকদের ক্লাব
- ছুটির প্রকল্প
- খেলাধুলা
- মহিলা সংগঠন
- সাংস্কৃতিক অনুষ্ঠান

আরো তথ্য ও পরামর্শের জন্য :

Refugee Action – টেলিফোন : 020 7654 7700 ওয়েবসাইট : www.refugee-action.org.uk

The Refugee Council – টেলিফোন : 020 7346 6777 ওয়েবসাইট : www.refugeecouncil.org.uk

Department for Education and Skills – ওয়েবসাইট : www.dfes.gov.uk

Parentline – টেলিফোন : 0808 800 2222 ওয়েবসাইট : www.parentlineplus.org.uk

এখানে স্থানীয় তথ্য ও যোগাযোগের বিবরণ যুক্ত করুন